সাংগঠনিক কাঠামো

কেন্দ্রীয় সংগঠন, জেলা শাখা, মহানগর শাখা, থানা শাখা, পৌর শাখা, ইউনিয়ন শাখা, ওয়ার্ড শাখা ও প্রতিষ্ঠান শাখাসমূহের সমন্বয়ে ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের সাংগঠনিক কাঠামো গঠিত হবে।

যোগদানের নিয়ম

ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের কাজের মানোনুয়নের জন্যু আমলের ৩টি স্তর থাকবে:

১. সদস্য ২. কর্মী ৩. মুবাল্লিগ।
সদস্য : যদি কোন শিক্ষার্থী ইসলামী শাসনতন্ত্র ছাত্র
আন্দোলনের উদ্দেশ্যের সাথে একমত হয়ে কর্মসূচী
ও কর্মপদ্ধতির উপর আস্থাবান হন এবং সঠিক
ইসলামী জীবন-যাপন ও আন্দোলনের সামগ্রিক
কার্যক্রমে অংশগ্রহণের প্রতিশ্রুতি দেন, তাহলে
নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে তিনি সংগঠনের
সদস্য হতে পারবেন।

দৈনন্দিন কর্মসূচি

- পাঁচ ওয়াক্ত সালাত জামাতের সাথে আদায় ও
 তাহাজ্জুদের অভ্যাস গড়ে তোলা। ফরয
 সালাতের পর অন্তত কিছু সময় জিকর,
 অজিফা, কুরআন তেলাওয়াত ইত্যাদি নফল
 ইবাদতে মশগুল থাকা। সকল অবস্থায়, সর্বদা
 জিকরুল্লাহ ও দরুদ শরীফ জারী রাখা।
- ২. নিয়মিত কুরআন-হাদীস, মাসআলা-মাসায়েল, সাংগঠনিক বই-পুস্তক ও পত্র-পত্রিকা পড়া।
- দৈনিক অন্তত এক ব্যক্তিকে সংগঠনের দাওয়াত দেওয়া।
- আল্লাহ্র পথে জানমাল কুরবানী করার জযবা সৃষ্টি করা।
- দৈনন্দিন পারস্পরিক লেনদেনে স্বচ্ছতা এবং আচার-আচরণ মার্জিত হওয়ার দিকে লক্ষ্য রাখা।
- প্রত্যহ কারো কোন উপকার করা।
- নিদ্রার পূর্বে মুহাসাবায়ে নফ্স (আত্মপর্যালোচনা) করা।
- ৮. দীন প্রতিষ্ঠার নিয়তে প্রতিদিন দু'রাকাত সালাতুল হাজত আদায় করা।

বৈশিষ্ট্য

- ইসলামী আদর্শ বিবর্জিত জাহেলী সমাজব্যবস্থার পরিবর্তনে নবী রাসূলগণের (সা.) উত্তরসূরী উলামায়ে কেরামের অনুপ্রেরণা, দিকনির্দেশনা ও তত্ত্বাবধানে পরিচালিত একটি ছাত্র কাফেলা।
- আত্মন্তদ্ধির মাধ্যমে ইসলামী সমাজ গঠনের সার্বক্ষণিক জিহাদে একটি পরিপুরক শক্তি।
- 🔷 রূহানিয়াত ও জিহাদের একটি সমন্ত্রিত প্রয়াস।
- প্রচলিত দলকেন্দ্রিক মানসিকতা নয়; বরং একটি
 ঐক্যপ্রয়াসী আন্দোলনকামী শক্তি।
- প্রচলিত ছাত্র রাজনীতি নয়; বরং আমর বিল
 মারুফ ও নাহি আনিল মুনকারের ঈমানী দায়িত্ব
 পালনের একটি প্রক্রিয়া।

সংগ্রামী ছাত্র ভাইয়েরা!

আসুন, আল্লাহর দেয়া জীবন-যৌবন, শ্রম, শক্তি ও মেধা তাঁরই নির্দেশিত পথে পরিচালিত করে অন্যায়-অসত্য ও অপসংস্কৃতির বিরুদ্ধে এক বলিষ্ঠ পদক্ষেপ গড়ে তুলি। দেশের স্থায়ী শান্তি ও মানবতার সার্বিক মুক্তির লক্ষ্যে সর্বপ্রকার ইসলামবিরোধী কার্যকলাপের অবসান ঘটিয়ে ইসলামী শাসনতন্ত্র প্রতিষ্ঠার জন্য দুর্বার আন্দোলন গড়ে তুলি এবং জিহাদ ফী সাবীলিল্লাহ-এ শরীক হয়ে স্বীয় জীবনকে আল্লাহর রং এ রঙ্গীন করি। আল্লাহ আমাদেরকে কবুল করুন।

বিস্তারিত জানতে আরো পড়ুন

- এসো মুক্তির মোহনায়
- 🔷 এসো মুক্তির রাজপথে
- া কালিমায়ে তায়্যিবার দাবী
- 🔷 আমাদের লক্ষ্য ও পথ চলার নীতি
- 🔷 পাঁচ দফা কর্মসূচীর যৌক্তিকতা বিশ্লেষণ
- 🔷 নীতির পরিবর্তন চাই
- 🔷 আল্লাহর পথে সংগ্রাম
- 🔷 নীতিমালা
- কর্মকৌশল এবং
- ছাত্র সমাচারসহ নিয়মিত প্রকাশনা
 প্রকাশনায়

रिमलाबी यामनञ्ज कृत आत्पालन

কেন্দ্রীয় কার্যালয় ৫৫/বি. পুরানা পল্টন (৩য় তলা), ঢাকা-১০০০

ফোন : ৯৫৫৭১৩১ ওয়েবসাইট : www.iscabd.org

ণ্ডভেচ্ছা বিনিময় : এক টাকা মাত্র

